NYC Department of Education
Chancellor David C. Banks

# বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ)

## 3-8 গ্রেডের নিউ ইয়র্ক স্টেট টেস্ট-এ শিক্ষার্থীর অংশগ্রহণ

ফ্যামিলি গাইড

2023

প্রিয় পরিবারবর্গ:

3-8 গ্রেডের শিক্ষার্থীদের বার্ষিক নিউ ইয়র্ক স্টেট ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ইংরেজি ভাষা শৈলী, ELA) এবং ম্যাথম্যাটিক্স (গণিত) পরীক্ষা সকল শিক্ষার্থীদের জন্য এই স্প্রিং-এর (বসন্তের) শেষ দিকে গ্রহণ করা হবে। ফেডারেল 'এভরি স্টুডেন্ট সাকসিডস্ অ্যাক্ট' (সকল শিক্ষার্থীর সাফল্য বিধি, ESSA) অনুসারে এসব পরীক্ষা আবশ্যক এবং তা নতুন করে তৈরি করা হয়েছে যাতে শিক্ষার্থীরা স্কুলের মাধ্যমে অগ্রগতি অর্জন এবং গ্র্যাজুয়েট হওয়ার জন্য বিশ্লেষণী চিন্তা, সমস্যা-সমাধান, এবং যৌক্তিকতা প্রতিপাদনের দক্ষতা, যেগুলো শিক্ষার্থীদের স্কুলে, কলেজে ও ক্যারিয়ারে দীর্ঘমেয়াদী সাফল্য এবং আর্থিক নিরাপত্তা ও বিভিন্ন পছন্দে ভরপুর জীবন অন্বেষণে শিক্ষার্থীদের সহায়তা করতে, সেগুলো নিয়ে প্রস্তুত হয়েছে কিনা, সে ব্যাপারে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করতে পারে।

এই পরীক্ষাগুলো শিক্ষার্থীদের অগ্রগতি নির্ণয়ে বেশ কিছু পরিমাপকের মধ্যে একটি: গ্রেড, রিপোর্ট কার্ড, লেখার নমুনা, প্রজেক্ট, অ্যাসাইনমেন্ট, এবং অন্যান্য কার্য-সম্পাদনা ভিত্তিক শিক্ষার্থীর কাজ সমপরিমাণ গুরুত্বপূর্ণ।

আপনার যদি বাড়তি প্রশ্নাবলী থেকে থাকে, তবে অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন।

**3–8 গ্রেডের পরীক্ষাগুলো কখন নেয়া হবে?**

এ বছর দুইটি অধিবেশনে, পর পর দুই দিনে, ELA এবং ম্যাথ পরীক্ষা নেয়া হবে।

| | |
|---|---|
| **ELA:** 19-20 এপ্রিল | **ম্যাথ (গণিত):** 2-3 মে |
| মেক-আপ ELA: 24-28 এপ্রিল | মেক-আপ ম্যাথ (গণিত): 4-11 মে |

**স্টেট টেস্টগুলো আমার সন্তানকে কীভাবে উপকৃত করে?**

আপনি এবং আপনার সন্তান স্টেট টেস্ট থেকে লাভবান হবেন, কারণ তারা:

- আপনার সন্তান তার বর্তমান গ্রেড অনুযায়ী যতটুকু শেখা দরকার, সে পরিমান শিখছে কিনা সেবিষয়ে বিস্তারিত তথ্য প্রদান করে।
- শিক্ষার্থীরা কীভাবে তাদের সহপাঠীদের তুলনায় অগ্রগতি ও কার্য-সম্পাদনা করছে, এবং কোন কোন শিক্ষার্থী বা শিক্ষকের সহায়তা প্রয়োজন, তা নির্ণয়ে স্কুলকে সহায়তা করে।
- আপনার সন্তানের স্কুল অন্যান্য স্কুলের পাশাপাশি কেমন করছে সে সম্পর্কে আপনাকে তথ্য প্রদান করে।

**এই পরীক্ষাগুলো কীভাবে হবে? একটি স্টেট টেস্ট সম্পন্ন করতে আমার সন্তানকে কতটুকু সময় দেয়া হবে?**

প্রতিটি পরীক্ষা দুইটি সময়-সীমাহীন সেশন বা অধিবেশন নিয়ে গঠিত এবং সেগুলো দুই দিনে (প্রতি দিন একটি অধিবেশন) নেয়া হবে। ELA-এর সেশন (অধিবেশন) 1 এবং 2-এ অন্তর্ভুক্ত হবে একাধিক উত্তর থেকে বেছে নেয়ার প্রশ্নাবলী (মাল্টিপল-চয়েস) এবং হ্যাঁ বা না দিয়ে উত্তর দেয়া যায় না, সেধরণের প্রশ্ন (ওপেন এন্ডেড কোশ্চেন)। ম্যাথ-এর জন্য সেশন (অধিবেশন) 1 শুধু মাল্টিপল-চয়েস (একাধিক উত্তর থেকে বেছে নেয়া)। ম্যাথ-এর সেশন (অধিবেশন) 2-এ অন্তর্ভুক্ত হবে একাধিক উত্তর থেকে বেছে নেয়ার প্রশ্নাবলী (মাল্টিপল-চয়েস) এবং হ্যাঁ বা না দিয়ে উত্তর দেয়া যায় না, সেধরণের প্রশ্ন (ওপেন এন্ডেড কোশ্চেন)। স্টেটের পরীক্ষাগুলো যতক্ষণ প্রয়োজন ততক্ষণ সময়ে দেয়া যাবে। যেসব শিক্ষার্থীর অধিক সময় প্রয়োজন, তারা কী জানে ও কী করতে পারে, সেটা প্রদর্শনে সক্ষমতার জন্য নিজস্ব গতিতে কাজ করতে পারবে।

**পরীক্ষার ফলাফল শিক্ষকদের উপর কতটা প্রভাব ফেলে?**

তবে প্রতিটি স্কুলের শিক্ষার্থীর শেখার পরিমাপ বাছাইয়ের মানদণ্ডের উপর ভিত্তি করে, স্টেট টেস্ট-এর ফলাফল শিক্ষক মূল্যায়নে ভূমিকা রাখতেও পারে আবার নাও রাখতে পারে।

**এসব পরীক্ষা মিডল্ বা হাই স্কুলে ভর্তির ক্ষেত্রে একটি কীভাবে গণ্য হয়?** কিছু মিডল ও হাই স্কুল ভর্তির অনেকগুলো মানদণ্ডের একটি হিসেবে স্টেট টেস্টের ফলাফল ব্যবহার করে। সেগুলো কখনোই প্রমোশন অথবা ভর্তির সিদ্ধান্তের বেলায় একমাত্র বা প্রাথমিক পরিমাপ হিসেবে ব্যবহৃত হয়নি। হেমন্ত (ফল) 2023-এ ভর্তির জন্য, কিছু মিডল্ এবং হাই স্কুল শিক্ষার্থীদের মূল্যায়ন করতে কোর্সের গ্রেড এবং/অথবা স্কুল-ভিত্তিক মূল্যায়ন ব্যবহার করেছে। ভবিষ্যতে ভর্তিতে পরীক্ষার স্কোর ব্যবহৃত হবে কিনা সেবিষয়ে আরো জানতে, এই হেমন্তে (ফল-এ) আমাদের ওয়েবসাইট[1] দেখুন।

**পিতামাতা কি সন্তানদের স্টেট টেস্ট না দেয়াতে অথবা সন্তানদের জন্য অন্য কোনো বিকল্প মূল্যায়ন বেছে নিতে পারেন?**

- আমরা সকল শিক্ষার্থীকে এসব পরীক্ষায় অংশ নিতে জোর সুপারিশ করি কারণ এই পরীক্ষার ফলাফল থেকে যে তথ্য পাবেন, সেটায় আপনি ও আপনার সন্তান উভয়ই লাভবান হবেন। আপনার সন্তান কী শিখছে সেবিষয়ে স্টেটের পরীক্ষা বাড়তি তথ্য জোগায় এবং শিক্ষক ও স্কুলগুলোকে যেখানে সহায়তা প্রয়োজন তা সামঞ্জস্য করতে সহায়তা করে।
- আপনি যদি আপনার সন্তানকে স্টেট টেস্ট দেয়া থেকে বিরত রাখতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার সন্তানের প্রিন্সিপালের সাথে কথা বলা বিবেচনা করুন। যদি, প্রিন্সিপালের সাথে আলাপ করার পরও আপনি আপনার সন্তানকে স্টেট টেস্ট দেয়া থেকে বিরত রাখতে চান, তবে প্রিন্সিপাল আপনার সিদ্ধান্তকে সম্মানের সাথে মেনে নেবেন। পিতামাতা ও প্রিন্সিপালের এই আলোচনার লিখিত নথি সংরক্ষণ করা উচিত।

**টেস্ট তথা পরীক্ষার প্রস্তুতির জন্য আমার সন্তানের কী করা উচিত?**

- পরীক্ষার আগের রাতে আপনার সন্তানের যাতে ভালো ঘুম হয় এবং সকালে ভাল ব্রেকফাস্ট করে যায় সে ব্যাপারে তাকে সহায়তা করুন।
- পরীক্ষা সম্পর্কে আপনার সন্তানের অনুভূতি বুঝুন এবং তার আত্মবিশ্বাস বাড়িয়ে তুলুন।

**আমি কখন আমার সন্তান পরীক্ষায় কেমন করেছে তা জানতে পারব?**

- নিউ ইয়র্ক স্টেট সাধারণত পরীক্ষার ফলাফল গ্রীষ্মে (সামারে) প্রদান করে এবং ফলাফল আপনার সন্তানের NYC স্কুলস্ অ্যাকাউন্ট-এ পাওয়া যাবে।
- স্টেট টেস্টের স্কোর এবং সার্বিক শিক্ষায়তনিক অগ্রগতি নিয়ে আলাপ করার জন্য আপনার সন্তানের শিক্ষকের বা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করতে আমরা উৎসাহ দিচ্ছি।

**যখন স্টেট টেস্ট গ্রহণ করা হয়, তখন আমার সন্তান যদি স্কুলে না থাকে, তাহলে কী হবে?**
আপনার সন্তানের এই পরীক্ষাটি দেয়া গুরুত্বপূর্ণ। আপনার সন্তানকে সহায়তা প্রদানে আপনার যা করা দরকার অনুগ্রহ করে তা করুন এবং পরীক্ষার দিন তারা যেন স্কুলে উপস্থিত থাকে সেবিষয়টি নিশ্চিত করুন। যেকোনো কারণে পরীক্ষার দিন যেসব শিক্ষার্থী অনুপস্থিত থাকবে, তারা মেক-আপ (বিকল্প তারিখে) টেস্ট দেয়ার জন্য একটি দ্বিতীয় সুযোগ পাবে। যদি আপনার সন্তান মেক-আপ (বিকল্প তারিখে) টেস্টের সময়েও অনুপস্থিত থাকে, তাহলে পরীক্ষা দেয়ার জন্য আর কোনো সুযোগ পাবে না। শুধুমাত্র স্টেট টেস্ট না দেয়ার কারণে শিক্ষার্থীকে শাস্তি দেয়া বা একই গ্রেডে রেখে দেয়া হবে না।

**আমার সন্তানকে কি স্টেট টেস্ট দিতে হবে যদি সে রিজেন্টস্ পরীক্ষাও দেয়?**
কিছু শিক্ষার্থী মিডল্ স্কুলে হাই-স্কুল-স্তরের রিজেন্টস্ পরীক্ষা দেয়। আপনার সন্তান যদি ৪ গ্রেডের শিক্ষার্থী হয় এবং এই শিক্ষা বছর সে ম্যাথ রিজেন্টস্ পরীক্ষা দেবে, সেক্ষেত্রে আপনার স্কুল তাকে ৪ গ্রেডের স্টেট ম্যাথ টেস্ট দেবে না। আপনি আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে আরও তথ্য জানার জন্য তাকে ৪ গ্রেডের ম্যাথ টেস্ট গ্রহণ করার বিষয়টি বেছে নিতে পারেন, যদিও সেটা আবশ্যক নয়। আপনার সন্তানের ম্যাথ রিজেন্টস্ পরীক্ষা দেয়ার পাশাপাশি আপনি যদি চান আপনার সন্তান ৪ গ্রেডের স্টেট ম্যাথ টেস্টও দিক, তাহলে তার স্কুলের সাথে যোগাযোগ করুন।

[1] schools.nyc.gov/Middle, schools.nyc.gov/High